২। যোগানদার ঃ "যোগানদার" (Procurement Provider) অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে কলাম-০২ এ বর্ণিত প্রতিষ্ঠানের নিকট পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। এখানে 'অন্যবিধভাবে' শব্দের অর্থ হলো যেভাবেই ক্রয় করা হোক না কেনো অর্থাৎ নগদে ক্রয় করা হলে বা যেকোন মূল্যে ক্রয় করা হলে তা যোগানদার সেবার অন্তর্ভুক্ত। তাই, এসব ক্ষেত্রে মূসক উৎসে কর্তন করতে হবে। অথবা ক্রয়কারী তার নিজস্ব তহবিল থেকে প্রযোজ্য মূসকের অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করবেন।

৩। কতিপয় বিশেষ ক্ষেত্রে উৎসে মূসক কর্তন ঃ

(ক) মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(ঙ) অনুযায়ী সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত ক্ষেত্রে মূসক উৎসে কর্তন করে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে ঃ

(i) লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিট প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন/আদায়যোগ্য হবে;

(ii) প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন (revenue sharing), রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্যকোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত বা প্রাপ্য পণ এর উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন/আদায় করতে হবে;

(iii) পানি, বিদ্যুৎ, গ্যাস এবং টেলিফোন সংযোগ প্রদানকালে সংশ্লিষ্ট সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন/আদায় করতে হবে।

(খ) মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮ক এর উপ-বিধি (৩) অনুসারে সেবা আমদানির ক্ষেত্রে বিল পরিশোধকারী প্রতিষ্ঠান অর্থাৎ ব্যাংক বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান প্রযোজ্য হারে মূসক উৎসে কর্তন করে সরকারী কোষাগারে জমা প্রদান করবে;

(গ) উৎসে কর্তনযোগ্য কোনো সেবা ক্রয়ের বিপরীতে ক্রেতার ব্যাংক অভ্যন্তরীণ ঋণপত্র বা অন্য কোনো মাধ্যমে ক্রেতার পক্ষে মূল্য পরিশোধ করলে, উক্ত ব্যাংক ক্রেতার পক্ষে প্রযোজ্য মূসক উৎসে কর্তন ও সরকারী কোষাগারে জমা প্রদান করবে।

৪। **উৎসে আদায়/কর্তিত মূসক জমাদান** ঃ উৎসে মূসক কর্তনের ১৫(পনের) কার্যদিবসের মধ্যে উৎসে কর্তনকারীকে ট্রেজারী চালানের মাধ্যমে এ কমিশনারেট এর অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০২০/০৩১১ তে কর্তিত অর্থ জমা প্রদান করতে হবে। কর্তিত মূসক জমা প্রদানের অনধিক ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে অর্থবছর ভিত্তিক সংখ্যানুক্রমিক নম্বরযুক্ত 'মূসক-১২খ' ফরমে তিন কপি প্রত্যয়নপত্র প্রস্তুত ও জারী করতে হবে। প্রত্যয়নপত্র (ট্রেজারী চালানের মূল কপিসহ) উৎসে মূসক কর্তনকারীর সংশ্লিষ্ট সার্কেলে এবং প্রত্যয়নপত্রের অনুলিপি (ট্রেজারী চালানের সত্যায়িত ছায়ালিপিসহ) সেবা সরবরাহকারী বরাবরে প্রেরণ করতে হবে। উৎসে কর্তনকারীকে প্রত্যয়নপত্রের একটি অনুলিপি ৬(ছয়) বছর সংরক্ষণ করতে হবে।

☛ মূসক সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ ঃ সদর দপ্তর ঃ ০৭২১-৮৬১১০৫, রাজশাহী বিভাগ ঃ ০৭২১-৭৭২৩৩০, পাবনা বিভাগ ঃ ০৭৩১-৬৬৩১২, বগুড়া বিভাগ ঃ ০৫১-৬১৪৭৩, নাটোর বিভাগ ০৭৭১-৬২৩৪১, নওগাঁ বিভাগঃ ০৭৪১-৮১২৫৯, সিরাজগঞ্জ বিভাগ ঃ ০৭৫১-৬৫০৮১, চাঁপাইনবাবগঞ্জ বিভাগ ঃ ০৭৮১-৫২২২৯, জয়পুরহাট বিভাগ ঃ ০৫৭১-৬২৯৮৮।

১০.৮.১৪

(আব্দুল মান্নান শিকদার)
কমিশনার
✆০৭২১-৭৬১০০১।
E-mail: cevraj93@yahoo.com

E:\UTSEY KARTAN.doc